

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বিস্ফোরক পরিদপ্তর  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
Web site: www.explosives.gov.bd  
e-mail: dhaka@explosives.gov.bd

স্মারক নম্বর: ২৮.০৮.০০০০.০০০.০০১.০৭.১৩৪.২৪/৬০৭৯

তারিখ: ০৮/০৯/২০২৫ খ্রি.


বিষয়: বিস্ফোরক পরিদপ্তরের লাইসেন্সবিহীন বিভিন্ন প্রতিষ্ঠানে/যানবাহনে অবৈধভাবে জ্বালানি তৈল সরবরাহ বন্ধকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে অবৈধভাবে জ্বালানি তৈল মজুদ, জ্বালানি তৈল বিক্রয়, জ্বালানি তৈল সরবরাহের ফলে মারাত্মক দুর্ঘটনা, অগ্নিকাণ্ড, প্রাণহানিসহ সম্পদের বিনাশ ঘটছে। এসব ঘটনার তদন্তকালে এটি সুস্পষ্ট হয় যে, অধিকাংশ ক্ষেত্রেই বিস্ফোরক পরিদপ্তরের লাইসেন্সবিহীন প্রতিষ্ঠান/যান/ট্যাংকলরীতে দুর্ঘটনা বেশি সংঘটিত হচ্ছে। সাম্প্রতিক অগ্নি দুর্ঘটনা কবলিত প্রতিষ্ঠান পরিদর্শন/তদন্তকালেও লাইসেন্সবিহীন ট্যাংকলরীর মাধ্যমে জ্বালানি তৈল সরবরাহের প্রমাণ পাওয়া যায়। বিধি পরিপন্থী কার্যক্রম পরিচালনা করায় অবৈধ কার্যক্রম রোধে বিস্ফোরক পরিদপ্তরের পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা সত্ত্বেও সন্তোষজনক ফলাফল প্রাপ্তিতে সহায়ক ভূমিকা দৃশ্যমান হচ্ছেনা। যা মোটেও কাম্য হতে পারেনা। পরিপ্রেক্ষিতে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ ও বিবেচনায় নেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি বিশেষভাবে অনুরোধ জানানো হলো:

০২। এ পত্র জারির পর হতে বিস্ফোরক লাইসেন্সবিহীন সকল প্রতিষ্ঠানে/যানে/ট্যাংকলরীতে জ্বালানি তৈল সরবরাহ বন্ধ রাখার ব্যবস্থা গ্রহণ;

০৩। যে কোনো লাইসেন্সবিহীন প্রতিষ্ঠানে/যানে/ট্যাংকলরীতে জ্বালানি তৈল সরবরাহের ফলে কোনো দুর্ঘটনা সংঘটিত হলে এর দায়ভার সংশ্লিষ্ট জ্বালানি তৈল সরবরাহকারী প্রতিষ্ঠানের উপর বর্তাবে;

০৪। জ্বালানি তৈল সরবরাহকারী (সরকার অনুমোদিত কোম্পানী) কর্তৃক জ্বালানি তৈল গ্রহণকারী ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠানের অনুকূলে জ্বালানি তৈল সরবরাহের পূর্বে বিস্ফোরক পরিদপ্তর হতে প্রদানকৃত লাইসেন্স এবং লাইসেন্সের হালনাগাদ নবায়নকরণ সুনিশ্চিত হয়ে জ্বালানি তৈল সরবরাহ করা সুনিশ্চিতকরণ;



(মুহাম্মদ মেহেদী ইসলাম খান)  
সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা  
ফোন : ৮৩৯২৫৯২

১। ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড যমুনা ভবন, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম।

২। ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড, স্ট্যান্ড রোড, সদরঘাট, চট্টগ্রাম।

৩। ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, ৫৮-৫৯, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম।

বিস্ফোরক লাইসেন্সবিহীন  
সকল প্রতিষ্ঠানে/যানে/  
ট্যাংকলরীতে জ্বালানি  
তৈল সরবরাহ বন্ধ রাখার  
অনুরোধসহ;

৪। ইউরেকা এন্টারপ্রাইজ (পেট্রোলিয়াম ফিলিং স্টেশন), ১৭/১, আরজতপাড়া, মহাখালী, তেজগাঁও, ঢাকা-১২১৫। জ্বালানি তৈল গ্রহণের পূর্বে ট্যাংকলরীর বিস্ফোরক পরিদপ্তর হতে প্রদানকৃত লাইসেন্স এবং লাইসেন্সের হালনাগাদ নবায়নকরণ সুনিশ্চিত হয়ে জ্বালানি তৈল সংগ্রহ করা সুনিশ্চিতকরণের অনুরোধসহ;

স্মারক নম্বর: ২৮.০৮.০০০০.০০০.০০১.০৭.১৩৪.২৪

তারিখ: ০৮/০৯/২০২৫ খ্রি.

সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন(BPC), বিএসসি ভবন, সপ্টগোলা রোড, চট্টগ্রাম।

(মুহাম্মদ মেহেদী ইসলাম খান)  
সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা